

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ব্যর্থ!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২৩:৫১, ১৭ জানুয়ারি ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের ব্যর্থতা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক আব্দুর কাদের। তিনি ফেসবুক পোস্টে উল্লেখ করেন, জুলাই পরবর্তী নতুন প্রশাসন শিক্ষার্থীদের প্রতিশ্রুতি পূরণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। বিগত ছয় মাসের কর্মকাণ্ডে তাদের কার্যক্ষমতার অভাব স্পষ্ট হয়েছে।

UNIBOTS

আব্দুর কাদের জানান, কোটা সংস্কারের দাবিতে শুরু হওয়া আন্দোলন ছাত্রলীগের হামলা ও পরবর্তী ঘটনার পর ক্যাম্পাসে বিদ্যমান শাসনব্যবস্থা পরিবর্তনের লক্ষ্যে রূপ নেয়। তিনি বলেন, হলে আধিপত্য, সিট বাণিজ্য ও শিক্ষার্থীদের জিম্মি করে রাখার সংস্কৃতি পরিবর্তনের জন্য কার্যকর ছাত্রসংসদ (ডাকসু) প্রয়োজন ছিল। তবে প্রশাসন এ বিষয়ে গুরুত্ব দেয়নি, যা বর্তমানে রাজনৈতিক অস্থিরতার কারণ হয়ে দাঁড়িয়েছে।

তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, প্রশাসনের অবহেলা ভবিষ্যতে বড় ধরনের সংকট ও সংঘর্ষে রূপ নিতে পারে। শিক্ষার্থীদের অধিকার নিশ্চিত ও ক্যাম্পাসে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান তিনি।
